গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ, বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
ইমেইল:section7@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.৯৬.৬৯(১)-১৪৩

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

**বিষয়ঃ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪৫ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪৫ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ তাঁর কারণ দর্শানো লিখিত জবাবে স্বীকৃতমতে তিনি রমনা থানার মামলা নং-০৯, তারিখ-১৪/০৯/২০২৫ খ্রি., ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৬ (২) (ক) (ঈ) এর প্রেক্ষিতে গত ২৯/০৯/২০২৫ খ্রি. তারিখ হতে হাজতবাস করায় এবং তৎপরবর্তীতে ক্রমান্বয়ে শাহাবাগ থানার একটি জি.আর মামলাসহ গুলশান থানার দুটি জি.আর মামলায় shown arrest হয়ে অদ্যবধি হাজতবাসে আছেন মর্মে লিখিত জবাবে স্বীকার করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণ হওয়ায় নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ এর নামীয় গত ০৮/১১/২০০৩ খ্রি. তারিখের বিচার ৭/২ এন ৯৬/৬৯ (অংশ-১) - ১৫৩৫ নং স্মারকযুক্ত নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

(খ) একইসাথে অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সন্নিকটবর্তী) কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ঢাকা-কে নির্দেশ প্রদান করা হলো। বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রারকে অবহিত করা হলো।

স্বা.
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক
জেলা রেজিস্ট্রার,
ঢাকা।

নম্বর: ১০.০০.০০০০.১৩১.১১.৯৬.৬৯(১)-১৪৩(১৪)

তারিখ : ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫ আগস্ট ২০২৬

**বিতরণ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. ডেপুটি কমিশনার, ঢাকা।
৫. প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা। (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৭. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ঢাকা।
৮. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
১০. সাব-রেজিস্ট্রার, সূত্রাপুর, রেজিস্ট্রিশন কমপ্লেক্স, তেজগাঁও, ঢাকা।
১১. অফিসার ইনচার্জ, গেন্ডারিয়া থানা, ঢাকা।
১২. জনাব মোঃ মামুনুর রশিদ (সাবেক নিকাহ রেজিস্ট্রার, ৪৫ নং ওয়ার্ড) ৯৪/৩, দীননাথ সেনরোড, গেন্ডারিয়া থানা (সাবেক সূত্রাপুর থানা), ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা-১২০৪।
১৩. সর্বশেষ জ্ঞাত ঠিকানা-জনাব মোঃ মামুনুর রশিদ, পিতা-মোঃ শফিকুল ইসলাম, হাজতী নং ৪১২১৯/২৫, কক্ষ নং-৩/১৮, শাপলা ভবন ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ, ঢাকা।
১৪. অফিস কপি/গার্ড ফাইল।

25/08/2026
(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব